

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৯.০২.০১৫.২২.১৩৯

তারিখঃ ০৯ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা ও দায়রা জজ), পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা জনাব মোহাঃ আহসান হাবীব এর ক্যান্সার চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সহায়তা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জনাব মোহাঃ আহসান হাবীব ৪র্থ বিজেএস পরীক্ষার মাধ্যমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে যোগদান করে বর্তমানে স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা ও দায়রা জজ), পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা-এ কর্মরত আছেন। তিনি বর্তমানে ক্যান্সার (Right Submandibular Gland Tumour with Metastases to bone- Stage iv) এ আক্রান্ত হয়ে চেল্লাই এপোলো হাসপাতালে চিকিৎসাধীন আছেন। তাঁর ক্যান্সার চিকিৎসায় প্রায় ৮৫ (পঁচাশি) লক্ষাধিক টাকা খরচ হয়েছে। এখনো চিকিৎসা সম্পন্ন করতে আনুমানিক ৮০ (আশি) লক্ষ টাকা ব্যয় হতে পারে। তাঁর পরিবারের পক্ষে নতুন করে প্রায় ৮০ (আশি) লক্ষ টাকা চিকিৎসা ব্যয় নির্বাহ করা সম্ভব নয়। তাই তিনি চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সহায়তার আবেদন করেছেন।

০২। এমতাবস্থায়, স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা ও দায়রা জজ), পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা জনাব মোহাঃ আহসান হাবীব এর ক্যান্সার চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য সারাদেশের অধঃস্তন আদালতে কর্মরত বিচারকগণকে আর্থিক সহায়তা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


সহায়তা পাঠানোর ঠিকানা:

Md. AHSAN HABIB

A/C : 5507901005521

Sonali Bank Limited

District Council Hall, Dhaka.



(তৈয়বুল হাসান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)

section5@lawjusticediv.gov.bd

ফোন-ফোন: ২২৩৩৫৭৪২০

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। জেলা ও দায়রা জজ / মহানগর দায়রা জজ ... (সকল)
[আপনার জেলা/মহানগরে কর্মরত সকল পর্যায়ের বিচারকগণকে অবহিত করার অনুরোধসহ]
- ২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট / চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ... (সকল)
[আপনার ম্যাজিস্ট্রেটসীতে কর্মরত সকল ম্যাজিস্ট্রেটকে অবহিত করার অনুরোধসহ]

জ্ঞাতার্থে বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৩। জনাব মোহাঃ আহসান হাবীব, স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা ও দায়রা জজ), পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অফিস কপি।